



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬০২২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫৫৩০

তারিখ : ২৮-১২-২০২৩ খ্রি.



বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৭-১২-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২৩২৯৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন রূপদিয়া ওয়েল ফেয়ার একাডেমী এর নবগঠিত ম্যানেজিং কমিটির ভোটার তালিকায় অনিয়ম ও ভোটে কারচুপির প্রসঙ্গে জনাব মোঃ আবু সালাম আসাদ একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার,
যশোর।

২৮-১২-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬০২২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫৫৩০(৬)

তারিখ : ২৮-১২-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। জেলা শিক্ষা অফিসার, যশোর।।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, রূপদিয়া ওয়েল ফেয়ার একাডেমী, রূপদিয়া, যশোর সদর, যশোর।
- ৫। অভিযোগকারী, মোঃ আবু সালাম আসাদ, মোবা: ০১৭১৩ - ৯১৯৯৩৬।
- ৬। অফিস নথি।

২৮-১২-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

বরাবর

বিদ্যালয় পরিদর্শক,
যশোর শিক্ষা বোর্ড, সদর যশোর।

বিষয়ঃ ভোটার তালিকায় অনিয়ম ও ভোটে কারচুপি প্রসংগে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, রুপদিয়া ওয়েল ফেরার একাডেমীর ম্যানেজিং কমিটি ইং-০৫/১২/২০২৩ তারিখে যে নতুন নির্বাচন হয় তাহাতে চূড়ান্ত ভোটার তালিকাতে মৃত ব্যক্তিদেরকে ভোটার করা, বিদেশ গামী অভিভাবকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা, অভিভাবকদের নামের ত্রুটি, প্রায় ১০ বছর স্বামী পরিত্যক্ত শিক্ষার্থীর মাকে আবেদন করা সত্ত্বেও ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয় নাই। এসত্ত্বেও ভোটার দিন ভোটার সীমিত আকারে উপস্থিত হওয়ায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সভাপতি, প্রিজাইডিং অফিসার এর সহযোগিতায় দুপুর অনুঃ ০১ টা হইতে ০২ টার মধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পছন্দের প্যানেলের প্রার্থীদের প্রায় ১৫০ থেকে ২০০ ভোট নিজেরাই প্রদান করে। যেহেতু বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পছন্দের প্যানেল থাকায় অন্যান্য প্রার্থীদের এজেন্টদের ভোটার কেন্দ্রে ঢুকতে দেওয়া হয়নি। যাহার প্রমাণ বিদ্যালয়ের সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ দেখলে প্রমাণ পাওয়া যাবে। আরো উল্লেখ থাকে যে, উক্ত বিষয় গুলো নিয়ে বিজ্ঞ আদালতে ০২ টি মামলা চলমান রহিয়াছে।

অতএব, জনাবের নিকট আবেদন বর্নিত বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

হুমায়ুন কবীর মান্নান আসাদ

(মোঃ আবু সালাম আসাদ)

০১৭১৩-৯১৯৯৩৬